

📖 ব্যাংকের সুদ কি হালাল

বিভাগ/অধ্যায়ঃ সূচি ও বিবরণ

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুস্তাক আহমাদ কারীমী

অর্থ ও মুদ্রার মাঝে পার্থক্য

এখানে অর্থ ও মুদ্রার মাঝে পার্থক্য উল্লেখ করে দেওয়া আশা করি পাঠকের জন্য উপকারী হবে। অর্থ হল সেই জিনিস যার মাধ্যমে বিনিময় কর্ম, পরিমাণ-নির্ধারণ ও আর্থিকতার সংরক্ষণ হয়ে থাকে; কিন্তু একে আইনতঃ বাধ্যতামূলক বিনিময়-মাধ্যমরূপে চূড়ান্ত স্থিরীকৃত করা জরুরী নয়। যেমন চেক, প্রাইজ-বন্ড প্রভৃতি দস্তাবেজ ও প্রতিশ্রুতিপত্র দ্বারা লোকেরা পণ্য বিনিময় করে থাকে। কিন্তু যদি কোন ব্যক্তি তার প্রাইজ-বন্ড দ্বারা কোন মূল্য আদায় করতে চায় এবং প্রাপক তার প্রাপ্য অধিকার এ বন্ডের মাধ্যমে নিতে রাজী না হয়, তাহলে তাকে তা নেওয়ার জন্য আইনতঃ বাধ্য করা যেতে পারে না।

পক্ষান্তরে কারেন্সী বা মুদ্রা সেই অর্থের নাম, যাকে আইনগতভাবে অন্তর্দেশীয় বিনিময়-মাধ্যমরূপে নির্ধারণ করা হয়েছে। যেমন ডলার, টাকা প্রভৃতি কারেন্সীনোট। যদি কেউ টাকার মাধ্যমে কোন কিছু মূল্য আদায় করে, তবে প্রাপককে তা নিতে আইনতঃ বাধ্য করা যাবে।

🔗 Source — <https://www.hadithbd.com/books/link/?id=4551>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন